JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

অফশোর ড্রিলিংয়ের জন্য সিসমিক এয়ারগান জরিপগুলো প্রত্যাখ্যান করে,গভর্নর কুওমো এবং অন্যান্য নয়জন গভর্নর, ফেডারেল গভর্নমেন্টের নিকট একটি চিঠি লিখেছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রে বাণিজ্য মন্ত্রণালয় (U.S. Department of Commerce) বেশ কয়েকটি কোম্পানিকে উপকূলবর্তী তেল ও গ্যাস সংক্রান্ত সিসমিক এয়ারগান জরিপের অনুমতিদেয়ায় গতকাল রাতে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং কানেকটিকাট, ডেলাওয়্যার, মেরিল্যান্ড, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, নর্থ ক্যারোলিনা, রোড আইল্যান্ড, সাউথ ক্যারোলিনা এবং ভার্জিনিয়াসহ নয়টি অন্যান্য আটলান্টিক সমুদ্রবন্দরের গভর্নরগণ, বাণিজ্য সচিব উইলবার রস এবংস্বরাষ্ট্র সচিব রায়ান জিনেককে একটি চিঠি লিখে সিসমিক এয়ারগান জরিপের বিরোধিতা করেছেন।

গভর্নর কুওমো,দৃঢ়ভাবে অতি প্রসারিত অফশোর ড্রিলিংয়ের জন্য যুক্তরাষ্ট্রীয় ফেডারেল সরকার-এর প্রচেষ্টার বিরোধিতা করেছেন। গভর্নর আনুষ্ঠানিকভাবে হাজার-হাজার স্বাক্ষর নিয়ে একটি আবেদন শুরু করেন যাতে নিউইয়র্ক ইয়র্কের পানি সম্পদকে ফেডারেল ড্রিলিং প্রোগ্রাম থেকে বাদ দেওয়ার জন্য অনুরোধ করা হয়। নিউইয়র্ক স্টেট পানি ও পানি সম্পদের মধ্যে অফশোর ড্রিলিং এবং অনুসন্ধান ও ড্রিলিং অবকাঠামোর জন্য জমি ভাড়া নেওয়া ও একই সাথে পানিতলবর্তী ভূমি দখল নিষিদ্ধ করার জন্য গভর্নর কুওমো, সেভ আওয়ার ওয়াটার বিলকে পাশের চেষ্টা অব্যাহত রাখবেন।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিম্নে প্রদান করা হয়েছে।

মাননীয় উইলবার এল. রস জুনিয়র
সচিব
ইউ.এস.বাণিজ্য বিভাগ
1401 Constitution Ave., NW
Washington, D.C. 20230

সম্মানিত রায়ান জিনেক
সচিব
ইউ.এস. স্বরাষ্ট্র বিভাগ (U.S. Department of the Interior)
1849 C Street NW
Washington, D.C. 20240

প্রিয় সেক্রেটারি রস এবং সেক্রেটারি জিনেক:

আটলান্টিক উপকূলে 10টি রাজ্যের গভর্নর হিসেবে আমরা সিসমিক এয়ারগান সার্ভে এবং আমাদের উপকূলের তেল ও গ্যাস ড্রিলিংয়ের প্রতি আমাদের জোরালো বিরোধিতা পুনর্ব্যক্ত করতে আবেদন করছি। এই কার্যক্রমগুলি

আমাদের উপকূলীয় ইকোসিস্টেম এবং উপকূলীয় অর্থনীতিতে অগ্রহণযোগ্য এবং অপ্রয়োজনীয় হুমকি সৃষ্টি করে। বাণিজ্য মন্ত্রণালয়ের সাম্প্রতিক সিদ্ধান্তের সাথে আমরা আটলান্টিক মহাসাগরে সিসমিক এয়ারগান জরিপগুলির জন্য আনুষঙ্গিক হয়রানি অনুমোদন (incidental harassment authorizations, IHAs) জারির উদ্দেশ্যে সম্মতভাবে অসম্মতি প্রকাশ করছি। আমরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে আটলান্টিকের সিসমিক এয়ারগান জরিপের অনুমতি প্রত্যাখ্যান করার অনুরোধ করছি। উপরন্তু, আমরা, চূড়ান্ত 2019-2024 জাতীয় বাহ্যিক মহীসোপান তেল ও গ্যাস লিজিং প্রোগ্রামে (2019-2024 National Outer Continental Shelf Oil and Gas Leasing Program) আটলান্টিক মহাসাগরীয় কোনো অঞ্চল অন্তর্ভুক্ত করার বিরোধিতা করছি।

আমাদের প্রতিটি স্টেটের উপকূলীয় অর্থনীতিগুলি সক্রিয় পর্যটন ও মাছ ধরার শিল্পের উপর নির্ভরশীল। বিপন্ন প্রজাতিসহ সামুদ্রিক স্তন্যপায়ী ও মৎস্যজীবীদের উল্লেখযোগ্য ক্ষতিকর প্রভাবগুলি চিহ্নিত করে একটি সমীক্ষায় প্রমাণসহ দৃষ্টিগোচর হওয়া সত্ত্বেও আইএইচএ (IHAs), পাঁচটি কোম্পানিকে আটলান্টিক মহাসাগরে সিসমিক এয়ারগান জরিপ চালানোর অনুমতি দিবে। সিসমিক এয়ারগান জরিপগুলি তীব্র, ক্রমবর্ধমান এবং দীর্ঘস্থায়ী নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে যা, সামুদ্রিক স্তন্যপায়ীদের জন্য প্রয়োজনীয় সংকেত প্রেরণ এবং গ্রহণ করতে, খাওয়ানো, বংশবৃদ্ধি, সন্তান লালন পালন, এবং নেভিগেশনের জন্য প্রয়োজনীয়। এয়ারগান বিস্ফোরণের পুনরাবৃত্তি, জোরে ও উচ্চস্বরে বিস্ফোরণ, আমাদের রাজ্যে বাণিজ্যিক ও বিনোদনমূলক মাছ ধরার সম্প্রদায়ের জন্য প্রয়োজনীয় মাছের সরবরাহ (স্টক) হ্রাসের ঝুঁকিও বাড়ায়।

এই ধরনের কার্যক্রম ক্ষতিগ্রস্ত প্রাণীকূলের উপর নগণ্য প্রভাব ফেলবে, এই বিষয়টি আইএইচএ-এর সিসমিক জরিপ বিধিনিষেধ নিশ্চিত করে না। উদাহরণস্বরূপ, এই সীমাবদ্ধতাগুলি নিম্নলিখিত কারণ দর্শাতে ব্যর্থ হয় যেমন-সিসমিক এয়ারগান কম্পন সমূহের দীর্ঘ দূরত্ব অতিক্রম করা,প্র জাতির আচরণের পরিবর্তনের জন্য সঠিক আলোকসম্পাতের প্রবেশপথ (এক্সপোজার থ্রেশহোল্ড/ exposure thresholds) নির্ধারণ এবং একযোগে একাধিক সিসমিক এয়ারগান জরিপের (সার্ভেয়ের) ক্রিয়াকলাপ পরিচালনার ক্রমবর্ধমান প্রভাবসমূহ। ফলস্বরূপ,এই অনুমোদনের অধীনে সিসমিক জরিপ পরিচালনার ফলে বিপন্ন প্রজাতি যেমন-উত্তর আটলান্টিক রাইট তিমি (North Atlantic right whale)-সহ, মাছ এবং সামুদ্রিক স্তন্যপায়ীদের মৃত্যু ও স্থায়ী আঘাত ঘটতে পারে।

আটলান্টিক উপকূলবর্তী (কোস্টের) এই মহাসাগরীয় অর্থনীতি হতে মোট জাতীয় উৎপাদনে 98 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি আয় হয়। এই অর্থনীতি উপকূলবর্তী তেল ও গ্যাস সংক্রান্ত সিসমিক এয়ারগান জরিপের কারণে বিপন্ন হবে। 200টিরও বেশি স্থানীয় সরকার, আটলান্টিক মহাসাগরে, সিসমিক এয়ারগান জরিপ (সার্ভে) এবং/অথবা অফশোর ড্রিলিং বিরোধিতা করার প্রস্তাবগুলো পাস করেছেন। পর্যটন সমিতি, কনভেনশন এবং পরিদর্শক ব্যুরো (Tourism associations, convention and visitors bureaus), ব্যবসা, বাণিজ্য দল/শাখা এবং উভয় পক্ষের নির্বাচিত কর্মকর্তারাও এই কার্যক্রমের বিরোধিতা করেছেন।

আমাদের স্টেটের, স্টেট ও স্থানীয় নেতারা সিসমিক এয়ারগান সার্ভে এবং অফশোর ড্রিলিংয়ের সামঞ্জস্যপূর্ণ, দ্বিদলীয় বিরোধিতা করেছেন। আটলান্টিক মহাসাগরে সিসমিক এয়ারগান সার্ভেগুলোর জন্য কোনও আইএইচএ-এর (IHAs) জারি না করে এবং অনুমতি পত্রগুলোকে (permit applications) অস্বীকারের মাধ্যমে, আমাদের অনুরোধ এবং উদ্বেগকে সম্মান জানানোর জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। উপরন্তু, আমরা আপনাকে অনুরোধ জানাচ্ছি যে, অফশোর ড্রিলিংয়ের জন্য 2019-2024 জাতীয় বহিরাগত মহাদেশীয় শেলফ তেল ও গ্যাস লিজিং প্রোগ্রাম থেকে আটলান্টিক মহাসাগরকে বাতিল করুন এবং কোনো ভবিষ্যৎ কার্যক্রম যার উদ্দেশ্য আটলান্টিক মহাসাগরে অফশোর ড্রিলিংকে সমর্থন করা সেগুলোর অনুমোদন দেবেন না।

বিনীত,

অ্যান্ড্রু কুওমো
গভর্নর, নিউ ইয়র্ক

রয় কুপার
গভর্নর, নর্থ ক্যারোলিনা

Henry McMaster
গভর্নর,সাউথ ক্যারোলিনা

ড্যানেল মালয়
গভর্নর, কানেকটিকাট

ল্যারি হোগান
গভর্নর, ম্যারিল্যান্ড

চার্লি বেকার
গভর্নর, ম্যাসাচুসেটস

জন কারনেই
গভর্নর, ডেলাওয়্যার

রাল্ফ নর্থাম
গভর্নর, ভার্জিনিয়া

জিনা রায়মন্ড
গভর্নর, রহডে আইল্যান্ড

ফিলিপ ডি. মারফি
গভর্নর, নিউ জার্সি

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন